

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন্দ্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়  
বন্দ্র ও পাট মন্ত্রণালয়  
বিভাগীয় কর্মকর্তার দপ্তর



জুন/২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	ইঞ্জি: ফারুক আহম্মদ উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১৫ জুন, ২০২৩ খ্রিঃ।
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা।
স্থান	অনলাইন প্লাটফর্ম
উপস্থিতি	অত্র কার্যালয়েল সকল কর্মকর্তা, কর্মচারীবৃন্দ ও সকল টিভিআই এর প্রধানগণ।

বিভাগীয় বন্দ্র অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক আয়োজিত জুন/২০২৩ খ্রিঃ মাসের সমন্বয় সভায় সভাপতি জনাব ইঞ্জি: ফারুক আহম্মদ, উপপরিচালক (অ: দা:) সভার শুরুতে সকলের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। তারপর তিনি টিভিআই সমূহের প্রধানগণদের সাথে মত বিনিময় শুরু করেন এবং ২০২৩ সালের এস.এস.সি পরীক্ষার পরবর্তী প্রস্তুতি, বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা সংক্রান্ত; ও এপিএ সম্পর্কে জানতে চাইলে সকল সুপারগণ প্রস্তুতিসমূহ উপস্থাপন করেন। এরপর তিনি সহকারী পরিচালক (কারিগরি) জনাব মোঃ আলী আহাব রাখাকে সভার অন্যান্য বিষয়ে সম্পর্কে বিস্তারিত আলোচনা করার নির্দেশ প্রদান করেন।

পরবর্তীতে অত্র কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ আলী আহাব রাখা সকল টিভিআই সুপারিনটেনডেন্টদের উদ্দেশ্যে বলেন যে, “মন্ত্রিপরিষদ বিভাগ হতে ইতোমধ্যে ২০২৩-২৪ অর্থবছরের এপিএ খসড়া তৈরির নির্দেশনা তাদের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সে অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রতিষ্ঠান কর্তৃক এপিএ খসড়া প্রেরণ করতে হবে এবং প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী এপিএ ২০২৩-২৪ এ বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্তকরণ বাধ্যতামূলক।” সেই সাথে তিনি সকল সুপারগণকে বিভাগীয় অফিসের এপিএ বাস্তবায়নে কিছু প্রমাণক (যেমনঃ জুন মাসের ব্যয় বিবরণী, ভর্তি প্রচারণা) দ্রুত পাঠানোর জন্য অনুরোধ জানান। এরপর তিনি ব্যবহারিক খাতা যাচাই, সফটওয়্যারে নম্বর এন্ট্রি পদ্ধতি ইত্যাদি বিষয়ে সকল সুপার মহোদয়ের কাছে জানতে চান।

সুপারিনটেনডেন্ট জনাব বিশ্বাজিৎ দাস, কক্সবাজার টিভিআই পরীক্ষা সংক্রান্ত বিষয়ে ব্যক্ত করেন যে, “টিভিআই সমূহের এস.এস.সি পরীক্ষার ব্যবহারিক খাতা গুলো সঠিক ভাবে মূল্যায়ন করে সাথে সাথে ছাত্র/ছাত্রীদের হাতে দেওয়ার জন্য কারিগরি বোর্ডের মৌখিক নির্দেশনা রয়েছে।”


সুপারিনটেনডেন্ট জনাব মোজাম্মেল হক, নোয়াখালি টিভিআই বলেন, “আমার প্রতিষ্ঠানে সফটওয়্যারে নম্বর এন্ট্রির সময় চূড়ান্ত কপিতে আমার স্বাক্ষরের পাশাপাশি সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর রেখে দেয়া হয়।” অন্যান্য সুপারগণ একই পদ্ধতি অনুসরণ করেন বলে জানান।

এরপর সভায় কোন আলোচনা না থাকায় নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহঃ

০১. এপিএ ২০২৩-২৪ এ বাজেট বাস্তবায়ন কর্মপরিকল্পনা অন্তর্ভুক্তকরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

০২. শুদ্ধচার কর্মপরিকল্পনায় দুর্নীতি প্রতিরোধে সহায়ক ২টি পদক্ষেপ অন্তর্ভুক্তকরণ বাধ্যতামূলক করা হলো। যথা-  
(ক) এস.এস.সি পরিক্ষার ব্যবহারিক খাতাগুলো সঠিক ভাবে মূল্যায়নের জন্য প্রতিটি ব্যবহারিক ও চিত্র স্বাক্ষর করতে হবে;  
(খ) সফটওয়্যারে অর্ধবার্ষিক ও অন্যান্য পরীক্ষার নম্বর এন্ট্রির সময় চূড়ান্ত কপিতে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরের পাশাপাশি সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর রাখতে হবে।



ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)


স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.১৩৪.২২.৩২২

তারিখ: ১২ আষাঢ়. ১৪৩০

২৬ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সুপারিনটেনডেন্ট, খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/চট্টগ্রাম/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/লক্ষীপুর/নোয়াখালী টিভিআই।
- ২) সকল কর্মকর্তা/কর্মচারী, বিভাগীয় বস্ত্র অধিদপ্তর, চট্টগ্রাম।
- ৩) ব্যক্তিগত সহকারি, মহাপরিচালকের দপ্তর, বস্ত্র অধিদপ্তর।



মোঃ আলী আহাব রাখা

সহকারী পরিচালক (কারিগরি) (বুটিন দায়িত্ব)